

মাইক্রোবাস ব্যবহারের পুনঃ সংশোধিত নীতিমালা  
বাংলাদেশ বিমান বাহিনী কল্যাণ ট্রাস্ট

১। ভূমিকাঃ বাংলাদেশ বিমান বাহিনী কল্যাণ ট্রাস্ট এর প্রাইভেট খাত হতে ক্রয় করা মাইক্রোবাস ভাড়া ব্যবহৃত হবে। তবে ব্যক্তিগত কাজে শুধুমাত্র অত্র নীতিমালায় প্রাধিকৃত ব্যক্তিবর্গ ভাড়া গাড়ীটি ব্যবহার করতে পারবেন। গাড়ীটি যথাযথভাবে ব্যবহার নিশ্চিত কল্পে এই ব্যবহার নীতিমালা প্রনয়ন করা হলো।

২। যারা গাড়ি ব্যবহার করতে পারবেনঃ

ক। বাংলাদেশ বিমান বাহিনীতে কর্মরত সামরিক ও বেসামরিক অফিসার, জেসিও সকল স্তরের বিমানসেনা বেসামরিক কর্মচারী এবং অন্যান্য পদবী এ গাড়ী ব্যবহার করতে পারবেন। অফিসারের অনুপস্থিতিতে তার স্ত্রী গাড়ীর চাহিদা দিতে পারবেন। বি বা সদস্য ছাড়াও গাড়ী বি বা সদস্যদের আত্মীয়স্বজন ও পরিচিতিজন ভাড়া নিতে পারবেন।

৩। যে কাজে গাড়ী ব্যবহার করা যাবে নাঃ

ক। সামরিক শৃংখলা বহির্ভূত এবং দেশের প্রচলিত নিয়ম ও আইন পরিপন্থী কোন কাজে ব্যবহার করা যাবে না।

খ। সামরিক নিষিদ্ধ এলাকা সমূহ গমনে এ গাড়ী ব্যবহার করা যাবে না।

গ। মালামাল পরিবহনের জন্য এ মাইক্রোবাস ব্যবহার করা যাবে না।

৪। গাড়ী চাহিদা করণঃ

ক। গাড়ী ব্যবহারে ইচ্ছুক ব্যক্তিবর্গকে বিমান বাহিনী কল্যাণ ট্রাস্ট/ ঘাঁটিস্থ এরিয়া কমিটির মনোনিত কর্মকর্তা/ কর্মচারীর সহিত যোগাযোগের ভিত্তিতে গাড়ির বুকিং নিশ্চিত করতে হবে।

খ। দৈনন্দিন গাড়ি বুকিং নিশ্চিতকল্পে চাহিদাকারী ব্যক্তিবর্গ টেলিফোন/মোবাইল ফোনের মাধ্যমে বুকিং চাহিদা করলে, খালি থাকা স্বাপেক্ষে সন্ধ্যা সময়ের মধ্যে গাড়ি সরবরাহ করা যেতে পারে।

১। ভাড়ার হার ও ব্যবহার পদ্ধতি

(ক) গাড়ী বিমান বাহিনী কল্যাণ ট্রাস্ট/ ঘাঁটিস্থ এরিয়া কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে গ্যারেজে প্রত্যাবর্তন করবে।

(খ) নিম্নলিখিত সময় অনুযায়ী নির্ধারিত ভাড়া ব্যবহারকারী পরিশোধ করবেন

(১) ০৮ ঘন্টা পর্যন্ত - ১,০০০.০০

(২) ১৪ ঘন্টা পর্যন্ত - ২,০০০.০০

(৩) ২৪ ঘন্টা পর্যন্ত - ২,৫০০.০০

(গ) ব্যবহারকারী গাড়ীর জ্বালানী খরচ, সড়ক/নৌ পথের টোল এবং আনুষঙ্গিক ব্যয় বহন করবে।

(ঘ) ব্যবহারকারী চালকের সম্মানী ১৫০.০০ টাকা এবং ২৪ ঘন্টার জন্য ভাড়াকৃত ব্যবহারকারী ড্রাইভারের থাকা ও খাওয়ার খরচ বহন করবে।

২। যাত্রা শেষে গাড়ীর ভাড়া, জ্বালানী খরচ এবং সম্মানী ব্যবহারকারী নগদ পরিশোধ করবেন।

৫। এতদ্ব্যতীত এরিয়া কমিটি/প্রকল্প পরিচালক/ভারপ্রাপ্ত কর্মকর্তা উপরেল্লিখিত নীতিমালা অটুট রেখে অধিকতর গাড়ী ভাড়া নিশ্চিতকল্পে প্রশাসনিক কার্যবিধি যথাসম্ভব সংক্ষিপ্ত রাখতে হবে।